

2014

(November)

BENGALI


(Major)

Course : 301

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours



The figures in the margin indicate full marks
for the questions

ক—বিভাগ

- ১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২
- (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটির বৈশিষ্ট্য নিরূপণ কর।
- (খ) “ ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গটি কাব্যের মূল কাহিনী হইতে বিচ্ছিন্ন এবং মূল প্রয়োজন সিদ্ধির পক্ষে নিরর্থক। ” সমালোচকের এই উক্তির আলোকে চতুর্থ সর্গের উপযোগিতা সম্পর্কে আলোচনা কর।
- (গ) ষষ্ঠ সর্গ অবলম্বনে লক্ষ্মণ চরিত্রটি পরিস্ফুট কর।

২। সংক্ষেপে উত্তর দাও :

বীরবাহুর জননীর নাম কি? সংক্ষেপে তার পরিচয় দাও।

অথবা

প্রথম সর্গ অবলম্বনে রাবণের রাজসভার বর্ণনা কর।

৩। এক কথায় উত্তর দাও :

(ক) “এতেক কহিলা যদি নিকশানন্দন
শূরসিংহ সভাতলে বাজিল দুন্দুভি
গস্তীর জীমূত মন্দ্রে।”

‘নিকশানন্দন’ বলতে কার কথা বোঝানো হয়েছে?

(খ) মন্দোদরী কে?

(গ) “নাহি কাজ, মিত্রবর সীতায় উদ্ধারি।
ফিরি যাই বনবাসে।”

বক্তা কে?

(ঘ) মেঘনাদের স্ত্রীর নাম কি?

খ—বিভাগ

৪। ‘ক্যামেলিয়া’ কবিতাটির বিষয়বস্তু ও কাব্যসৌন্দর্য নিরূপণ কর।

অথবা

‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের অভিনবত্ব ও কাব্যবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর।

৫। সংক্ষেপে উত্তর দাও :

(ক) ‘ছেলেটা’ কবিতায় ছেলেটা কেন ‘লুকিয়ে লুকিয়ে কেঁদে বেড়ালো’? ঘটনাটি বর্ণনা কর।

(খ) “কিন্তু তুমি যার কথা লিখবে
তাকে জিতিয়ে দিও আমার হয়ে,
পড়তে পড়তে বুক যেন ওঠে ফুলে।”

কে, কাকে জিতিয়ে দেবার জন্য অনুরোধ করেছে?
কেমন করে জিতিয়ে দেবেন? তা আলোচনা কর।

৬। এক কথায় উত্তর দাও :

(ক) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছেন?

(খ) ‘বাঁশি’ কবিতায় কার সঙ্গে হরিপদ কেরানির কোনো ভেদ নেই?

(গ) “আমাকে দরকার কি নেই কিছুতেই?
আমি পারি জল তুলে আনতে নদী থেকে—
পারি বন থেকে কাঠ আনতে কেটে,”

বক্তা কে?

(ঘ) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের কবিতাগুলো কোন্ ছন্দে রচিত?

গ—বিভাগ

৭। জীবনানন্দের ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থের নামকরণের সার্থকতা বিচার কর।

অথবা

তোমার পঠিত ‘রূপসী বাংলা’-র কোন্ কোন্ কবিতায় সম্ভ্যার অপরাধ রূপটি কবির লেখনীতে কিভাবে ধরা পড়েছে তা আলোচনা কর।

৮। সংক্ষেপে উত্তর দাও :

৪×২=৮

- (ক) 'যে শালিখ মরে যায় কুয়াশায়' কবিতায় কবির কোন্ চেতনা, কিভাবে প্রকাশিত হয়েছে? সংক্ষেপে পরিস্ফুট কর।
- (খ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় কোন্ কোন্ বৃক্ষ ও পক্ষীর নাম উল্লেখ রয়েছে? এতে কবির কোন্ বৈশিষ্ট্য ফুটে উঠেছে?

৯। এক কথায় উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ কর :

১×৪=৪

- (ক) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি কোন্ সনে রচিত হয়?
- (খ) বেহলা কোথায় গিয়ে 'খঞ্জনার মতো' নেচেছিলেন?
- (গ) "বহু দিন কীর্তন ভাসান গান রূপকথা যাত্রা পাঁচালীর নরম নিবিড় ছন্দে যারা আজো শ্রাবণের জীবন গোঙায়, আমারে দিয়েছে তৃপ্তি;"
কোন্ কবিতার অংশ?
- (ঘ) "আকাশে সাতটি তারা যখন উঠেছে ফুটে আমি এই ঘাসে ব'সে থাকি; কামরাঙা-লাল মেঘ যেন মৃত — মতো গঙ্গাসাগরের ঢেউয়ে ডুবে গেছে"
